১

দৈনিক সংবাদ

তারিখ ... 22 MAR ১৯৯৮
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

## মাগুরায় শিক্ষা সপ্তাহ উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত

মাগুরা, ২১শে মে (নিজস্ব সংবাদদাতা)।– জাতীয় শিক্ষা সপ্তাহ উপলক্ষে সম্প্রতি মাগুরা সদর থানা পরিষদ মিলনায়তনে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সদর থানা নির্বাহী অফিসার এতে সভাপতিত্ব করেন। প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নুরুজ্জামান খান এবং বিশেষ অতিথি পুলিশ সুপার শাহ আলম শিকদার। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন আঃ হামিদ ভুঁইয়া, চিত্তরঞ্জন শিকদার, আঃ রাজ্জাক প্রমুখ। পরে শ্রেষ্ঠ শিক্ষক মাগুরা সরকারি বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা আনোয়ারা খাতুন ও উত্তর বীরপুর মাদ্রাসার শিক্ষক আলী আহমদ, শ্রেষ্ঠ কলেজ শিক্ষক হিসেবে মাগুরা সরকারি কলেজের শিক্ষক মহফুজুর রহমান, শ্রেষ্ঠ স্কুল হিসেবে মাগুরা সরকারি বালক বিদ্যালয় এবং শ্রেষ্ঠ মাদ্রাসা বেরইল পলিতা মাদ্রাসা ও মাগুরা আদর্শ কলেজকে শ্রেষ্ঠ কলেজের পুরস্কার দেয়া হয়।